

উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ সময় : ০৪/১১/২০২১ খ্রিঃ, বেলা- ১২.০০ ঘটিকা।

উপজেলা : তারাকান্দা, জেলাঃ ময়মনসিংহ।

সভাপতি : মোঃ নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা

ও

উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, তারাকান্দা, ময়মনসিংহ।

আলোচ্যসূচি:


- ১। শিক্ষাখাতে এডিবি'র বরাদ্দ থেকে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম।
- ২। বিবিধ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি মহোদয় কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার, তারাকান্দাকে এডিবি'র বরাদ্দ থেকে কোন কোন বিদ্যালয়ে কি কি কাজ করা যায় তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। উপজেলা শিক্ষা অফিসার জনাব নীলুফার হাকিম সভায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে জানান যে, অত্র তারাকান্দা উপজেলার নিম্নবর্ণিত ১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবকাঠামো ও আসবাবপত্র অভাবে পাঠদান কার্যক্রম ও মানসিক ও শারীরিক বিকাশ দারুণভাবে ব্যাহত হচ্ছে বিধায় জরুরীভিত্তিতে বিবরণ মোতাবেক অবকাঠামোর উন্নয়ন এবং আসবাবপত্র সংস্থান করা দরকার।

- ১। বহেড়াবান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট ও বেঞ্চ সরবরাহ। সম্ভাব্য ব্যয়ের পরিমাণ- মাঠে মাটি ভরাট-৪০০০০/- টাকা ও বেঞ্চ সরবরাহ-২০,০০০/- টাকা।

উপরিউক্ত বিদ্যালয়ে উন্নয়ন কার্যক্রম নিয়ে ব্যাপক আলোচনা হয় এবং এডিবি'র বরাদ্দ থেকে নীতিমালা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ নজরুল ইসলাম নয়ন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, তারাকান্দা

ও

সভাপতি


উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং- ৩৮.০১.৬১৮৮.০১৩.০৬.০০০.২১.১৫১

তারিখ-০৪/১১/২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, তারাকান্দা, ইউনিয়ন পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান, বালিখাঁ ইউনিয়ন পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান, বানিহালা ইউনিয়ন পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৮। চেয়ারম্যান, বিসকা ইউনিয়ন পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৯। সংরক্ষণ নথি।


(নীলুফার হাকিম)

উপজেলা শিক্ষা অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ

ও

সদস্য সচিব

উপজেলা পর্যায়ে প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
তারাকান্দা, ময়মনসিংহ।